




নং: ৩৭.০৪.২৬৬৩.০০২.৩১.০১৯.১৫/ ২০৬০

তারিখ: ০২/১১/১৪২৯ বঙ্গাব্দ
২৭/০২/২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ৪১তম শিক্ষা পরিকল্পনা ও উন্নয়ন প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন

৪১তম শিক্ষা পরিকল্পনা ও উন্নয়ন প্রশিক্ষণ কোর্সটি আগামী ২৯ ফাল্গুন ১৪২৯ হতে ২৯ চৈত্র ১৪২৯/১৪ মার্চ ২০২৩ তারিখ হতে ১২ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত ৩০(ত্রিশ) দিনব্যাপী জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ অনুষ্ঠিত হবে। কোর্সটি শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের জন্য নির্ধারিত। উক্ত কোর্সে তাঁর আওতাধীন শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর এবং সরকারি কলেজের ৫ম থেকে ৬ষ্ঠ গ্রেডের জন কর্মকর্তাকে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হল। এ উপলক্ষে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো:

১. উক্ত প্রশিক্ষণ কোর্সে ৫ম থেকে ৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। যাঁদের বয়স ৫৬ বছর অতিক্রম করেছে তাঁদের প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
২. যে সকল কর্মকর্তা বিগত এক বছরের মধ্যে নায়েম পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন তাদের মনোনয়ন দেয়ার প্রয়োজন নেই;
৩. প্রশিক্ষণার্থীগণের থাকা-খাওয়া, শিক্ষা সফর এবং আনুষঙ্গিক খরচ বাবদ আনুমানিক ২০,০০০(বিশ হাজার) টাকা খরচ হতে পারে, যা প্রাথমিকভাবে প্রশিক্ষণার্থীগণের বহন করতে হবে, সেমত প্রস্তুতি নিয়ে আসতে হবে;
৪. সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ সমাপ্তির পর প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ ভ্রমণ ও দৈনিক ভাতা/প্রশিক্ষণ ভাতার বিল নায়েম-এ পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;
৫. মনোনীত কর্মকর্তাগণকে কোর্স শুরুর অন্তত: ০৫(পাঁচ) কর্মদিবস পূর্বে <http://www.naem.gov.bd> ওয়েবসাইটের প্রশিক্ষণ/অনলাইন রেজিস্ট্রেশন ফরম পূরণপূর্বক প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
৬. প্রশিক্ষণার্থীকে দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, অফিস ছাড়পত্র, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের সনদ, কোর্সে অংশগ্রহণের জন্য অনলাইনে পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম সঙ্গে আনতে হবে;
৭. প্রশিক্ষণার্থীগণ নির্ধারিত ফি প্রদানপূর্বক আসন খালি থাকা সাপেক্ষে নায়েম হোস্টেলে অবস্থান করতে পারবেন;
৮. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যাবে;
৯. কোর্স সম্পর্কিত প্রয়োজনে কোর্স পরিচালক প্রফেসর সেরিনা আখতার, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, ফোন: ০১৭১২১১১৩৪৬, কোর্স সমন্বয়ক ড. কল্যাণী নন্দী, প্রশিক্ষণ বিশেষজ্ঞ ফোন: ০১৭১৪৩৫৩৭৩০ এবং ড. লিটন কান্তি হালদার, সহকারী পরিচালক (গবেষণা ও তথ্যায়ন) ফোন: ০১৭১২৮৬৯৭৮০-এ যোগাযোগ করা যেতে পারে।
১০. মনোনীত কর্মকর্তাকে আগামী ২৯ ফাল্গুন ১৪২৯ /১৪ মার্চ ২০২৩ তারিখ সকাল ৯.০০ টায় নায়েমের প্রশাসনিক ভবনের নিচ তলায় অবস্থিত 'ওয়ান স্টপ সার্ভিস' পয়েন্টে রিপোর্ট করতে হবে।
১১. আমন্ত্রণপত্র নায়েম ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।


পরিচালক
২৪/২/২০২৬
(প্রশিক্ষণ ও বাস্তবায়ন)

নং: ৩৭.০৪.২৬৬৩.০০২.৩১.০১৯.১৫/ ২০৬০ (২৫)

তারিখ: ০২/০২/২০২৬ বঙ্গাব্দ
২৫/০২/২০২৬ খ্রিষ্টাব্দ

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
২. যুগ্ম প্রোগ্রাম পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
- ৩-৫. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন ও অর্থ/গবেষণা ও তথ্যায়ন, নায়েম, ঢাকা;
৬. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ৮-১২. হোস্টেল সুপারিনটেনডেন্ট শহীদ বুদ্ধিজীবী/মুক্তিযোদ্ধা/অমর একুশে/সোনার বাংলা/শহীদ জননী হোস্টেল;
১৩. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো);
১৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
১৫. অফিস নথি।

০২/০২/২৬
(প্রফেসর সেরিমা আখতার)

প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম

ও

কোর্স পরিচালক

৪১তম শিক্ষা পরিকল্পনা ও উন্নয়ন প্রশিক্ষণ কোর্স

মোবাইল: ০১৭১২১১১৩৪৬